




ঢাকা বিশ্ববিদ্যালয় অতি জরুরী বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০, ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের বোর্ডবৃত্তি প্রাপ্ত যে সকল শিক্ষার্থীরা বৃত্তির টাকা পায়নি তাদের তথ্য সংশোধন এবং সংযুক্ত এক্সসেল ফাইলে ১৫১ জন শিক্ষার্থীর ব্যাংক একাউন্টের তথ্য ভুলের কারণে বৃত্তির টাকা শিক্ষার্থীর ব্যাংক একাউন্টে যায়নি (মাদ্রাসা বোর্ডসহ) সে সকল শিক্ষার্থীরা আগামী ১৩/০৪/২০২১ তারিখ (সকাল-৮:০০টা) থেকে ১৯/০৪/২০২১ তারিখ (রাত-১২:০০টা) পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে (<https://studentscholarship.du.ac.bd/>) গিয়ে অনলাইনে তথ্য সংশোধন করতে পারবে। অনলাইনে তথ্য সংশোধনের বিস্তারিত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে উল্লেখ রয়েছে।

উল্লেখ্য, উক্ত তারিখের মধ্যে সংশোধিত তথ্য নিভুলভাবে পূরণ না হলে শিক্ষার্থীরা বৃত্তির টাকা পাবে না। সেক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন দায়ভার গ্রহণ করবে না। সুতরাং বিষয়টি অত্যন্ত গুরুত্বসহকারে বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় তথ্যসমূহ সংশোধন করার জন্য নির্দেশনা দেয়া হলো।

বৃত্তির টাকা উত্তোলনের জন্য শিক্ষার্থীর নিজ নামে অনলাইন সুবিধা সম্পন্ন ১৩-১৭ ডিজিটের ব্যাংক একাউন্ট থাকতে হবে। ব্যাংক একাউন্ট না থাকলে, অনতিবিলম্বে তফসিলভুক্ত অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন ব্যাংকে একাউন্ট খুলতে হবে। ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোন পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব নয়। মোবাইল ব্যাংকিং, বিকাশ ও রকেট গ্রহণযোগ্য নয়।

জরুরি প্রয়োজনে যোগাযোগের জন্য- ০১৭১১০৫৮৩৩৭, ০১৫৭১২৯৭৩৪২।


০২/০৪/২০২১


(শিউলি আফছার)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/৪৬১৯৭-সি

তারিখঃ ২৯/১২/১৪২৭ বঙ্গাব্দ
১২/০৪/২০২১ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৫। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৬। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।


০২/০৪/২০২১

(শিউলি আফছার)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়